125

দৈনিক সংবাদ

তারিখ... ১৬.৯.৯১
পৃষ্ঠা... ৭ ...কলাম... ৬

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# সর্বদলীয় ছাত্র ঐক্যের ধর্মঘট স্থগিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৫ই সেপ্টেম্বর।— ঘোষিত ১০ দফা দাবী মেনে নেয়ার আশ্বাস প্রদানের প্রেক্ষিতে শিক্ষার্থীদের শিক্ষাজীবন ও পরীক্ষার্থীদের সুবিধার্থে সর্বদলীয় ছাত্র ঐক্য আহূত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট আপাতত স্থগিত ঘোষণা করেছে।

আজ রাতে দোস্ত বিল্ডিংস্থ ছাত্র ফ্রন্ট কার্যালয়ে চাকসু'র জিএস আজিমউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত ছাত্র ঐক্যের সভায় এই সিদ্ধান্ত ঘোষণা করা হয়। গত ১২ই সেপ্টেম্বর থেকে এই ধর্মঘট শুরু হয়।

সভায় বিশ্ববিদ্যালয়ে বর্তমানে অনুষ্ঠিত শেষবর্ষের পরীক্ষা, বিবিএ পরীক্ষা এবং ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের পাঠাগারসহ অন্যান্য সুবিধার্থে এবং পরীক্ষা আয়োজনে জড়িতদের কার্যাবলী যথাযথ পরিচালনার লক্ষ্যে এবং ঘোষিত দশ দফা দাবীর বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, ডিআইজি, জেলা প্রশাসক ও পুলিশ সুপারের আশ্বাসের প্রেক্ষিতে ধর্মঘট কর্মসূচী আপাতত স্থগিত করার কথা উল্লেখ করা হয়।

সভায় অবিলম্বে দাবীসমূহ কার্যকর করারও আহ্বান জানানো হয়। এতে বক্তৃতা করেন চাকসু'র ভিপি নাজিমউদ্দিন, ছাত্র ঐক্যের মঞ্জুর আলম শাহীন, নাজমুল করিম দুলাল, মাহবুবুর রহমান প্রমুখ।